



জলবায়ু পরিবর্তনে পদক্ষেপ গ্রহণ

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

এই সপ্তাহের প্রথম ভাগে, আপনি যদি নিউ ইয়র্ক হারবারে অবস্থিত গভর্নরস আইল্যান্ডে এসে থাকেন, তাহলে আপনি অসাধারণ একটি দৃশ্য দেখে থাকতে পারেন: আমাদের সপ্তম বার্ষিক যুব জলবায়ু সম্মেলনে (ইয়ুথ ক্লাইমেট সামিট) প্রায় 400 জন শিক্ষার্থী এবং 100 জন শিক্ষক সমবেত হয়েছিলেন, এবং খাদ্য অপচয় থেকে শুরু করে সামুদ্রিক বাস্তুতন্ত্র এবং সেই থেকে জলবায়ু নীতি পর্যন্ত বিবিধ বিষয় সম্পর্কে শিখেছে।

অনেকগুলো কর্মশালা আমাদের শিক্ষার্থীরা নিজেরা পরিচালনা করেছে, এবং এই প্রথমবারের মতো হাই স্কুলের সতীর্থদের পাশাপাশি মিডল স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছে। একত্রে, তারা বিভিন্ন জলবায়ু বিষয়ক সমাধান এবং ইতিবাচক পরিবর্তন আনতে স্কুলগুলো যে শক্তিশালী ভূমিকা পালন করতে পারে তা নিয়ে আলোচনা করেছে।

এই সম্মেলনের বাহিরে, আমাদের শিক্ষার্থীরা কার্বসাইড কম্পোস্টে (রাস্তার ধারে জৈব সার তৈরি) অবদান রাখছে, তাদের স্কুলের গ্রিন টিম-এ (পরিবেশ বিষয়ক দল) যোগ দিচ্ছে, জলবায়ু রক্ষা কার্যক্রম দিবসে (ক্লাইমেট অ্যাকশন ডে) অংশগ্রহণ করছে এবং আরও অনেক কিছুর মাধ্যমে বিভিন্ন উপায়ে দীর্ঘস্থায়িত্ব অগ্রসর করছে। এই

শিক্ষার্থীদের মাঝে কিছু আছে যারা ইয়ুথ লিডারশিপ কাউন্সিল-এর (যুব নেতৃত্ব পরিষদ) অংশ; নিচে আমাদের চ্যাম্পেলরের স্পটলাইটে এই গ্রুপটি সম্পর্কে আরও তথ্য দেয়া হয়েছে। তারা যা কিছু অর্জন করেছে তাতে আমি অত্যন্ত গর্বিত।

নিউ ইয়র্ক সিটির একটি এজেন্সি হিসেবে আমরা যা অর্জন করেছি সেজন্যেও আমি গর্বিত। আমরা ডিপার্টমেন্ট অভ স্যানিটেশন-এর সাথে অংশীদারিত্ব করে সিটিজুড়ে আমাদের কার্বসাইড কম্পোস্টিং (রাস্তার ধারে জৈব সার তৈরির উদ্যোগ) কর্মসূচি সম্প্রসারিত করেছি, যার ফলে এটা দেশের বৃহত্তম স্কুল ডিস্ট্রিক্টের কম্পোস্টিং কর্মসূচিতে পরিণত করেছে। এছাড়াও আমরা আমাদের স্কুলগুলোতে প্রায় 120-টি সৌরবিদ্যুৎ (সোলার) স্থাপনা সম্পন্ন করেছি, ফলশ্রুতিতে প্রায় 26 মেগাওয়াট সৌরশক্তি (সোলার এনার্জি) উৎপাদন ক্ষমতা অর্জিত হয়েছে—যা এই পর্যন্ত সিটির মোট অগ্রগতির 80% -এরও বেশি! আরও 90-টিরও বেশি সৌর প্রকল্পের (সোলার প্রজেক্ট) কাজ চলছে।

আমাদের পরিবেশ বিষয়ক কাজ সম্পর্কে আরও জানতে, schools.nyc.gov/sustainability -দেখুন।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)


চ্যাম্পেলর

চ্যাম্পেলরের স্পটলাইট:

প্রায় 30 জন হাই স্কুলের শিক্ষার্থী নিয়ে গঠিত আমাদের ইয়ুথ লিডারশিপ কাউন্সিল (যুব নেতৃত্ব পরিষদ) এই সপ্তাহের সম্মেলন সহ-আয়োজন করার পাশাপাশি আমাদের স্কুলের সিস্টেম জুড়ে দীর্ঘস্থায়িত্বের বিভিন্ন প্রচেষ্টায় নেতৃত্ব দিয়ে থাকে। এই গ্রুপটি প্রতি মাসে মিলিত হয়, শিক্ষার্থী এবং কর্মী উভয়ের জন্য পরিবেশগত বিভিন্ন বিষয়ে কর্মশালা প্রস্তুত করে এবং তাদের সতীর্থ ও অন্যান্য নিউ ইয়র্কবাসীদের মাঝে পরিবর্তনের পক্ষে কথা বলার মাধ্যমে তাদের নেতৃত্বের দক্ষতা গড়ে তুলছে। এছাড়াও তারা জলবায়ু সংক্রান্ত সমাধান সম্পর্কে জানতে বিভিন্ন বাগান, সবুজে ঘেরা স্থান, এবং পরিবেশগত সংস্থা সহ সিটি জুড়ে বিভিন্ন স্থান পরিদর্শন করেছে।

কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যাম্পেলরের স্পটলাইট-এর জন্য এখানে মনোনয়ন দিন।

আমাদের হাইলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব](#) পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “Setting” (বিন্যাস) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:

- পরিবারবর্গ, আমাদের [NYCPS কেয়ারস্](#) উদ্যোগের অংশ হিসেবে আমরা এখনও ফ্যামিলি কানেক্টর (পরিবারের সাথে সংযোগকারী) নিয়োগ দিচ্ছি! আরও জানতে এবং সাইন আপ করতে [এখানে](#) দেখুন।
- বিভিন্ন সংবাদ এবং তথ্য-সংস্থানের জন্য, [দ্যা মর্নিং বেল](#) দেখুন অথবা অনলাইনে [ফেসবুক](#), [ইনস্টাগ্রাম](#), [X](#), এবং [ইউটিউব](#)-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর [সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#)-এ ক্লিক করুন।